



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

বিষয়: ‘বাংলা নববর্ষ ভাতা’ বিষয়ক পরিপত্র ওয়েবসাইটে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। এ বিভাগের ০৪ এপ্রিল, ২০১৬ তারিখের কব্যপ্রমাসবি পরিপত্র নং-০৬/২০১৬ এর মাধ্যমে জারিকৃত বাংলা নববর্ষ ভাতা’ বিষয়ক পরিপত্র-টি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

(এম এম মাহবুব আলম)

উপ-মহাব্যবস্থাপক

উপ- মহাব্যবস্থাপক
আইটি ও প্রকৌশল বিভাগ
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

অভ্যন্তরীণ পত্র নং- কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-১০৯/২০১৬-২০১৭/৩৩৪৯

তারিখ : ০৩ .০৪.২০১৭



কর্মসংস্থান ব্যাংক

ফোনঃ ০২-৯৫৭১৭৭৮

প্রধান কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ভবন
১, রাজউক এভিনিউ, ঢাকা।

Website : www.karmasangsthanbank.gov.bd

কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

কব্যপ্রমাসবি পরিপত্র নম্বর- ০৬/২০১৬

তারিখঃ ০৪ এপ্রিল, ২০১৬

সকল আঞ্চলিক ব্যবস্থাপক/
শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

বিষয়ঃ 'বাংলা নববর্ষ ভাতা' প্রতি নববর্ষের সর্বোচ্চ ১০ (দশ) দিন পূর্বে প্রদান।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগের প্রবিধি-৩ অধিশাখার ১৪.১০.২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-৭৮ নম্বর প্রজ্ঞাপনে (ফটোকপি সংযুক্ত) বর্ণিত নির্দেশনার আলোকে 'বাংলা নববর্ষ ভাতা' এ ব্যাংকের সকল নিয়মিত কর্মকর্তা-কর্মচারীকে প্রদানের নিমিত্ত ব্যাংক পরিচালনা বোর্ডের ৩০.০৩.২০১৬ তারিখের ২২৫-তম সভায় উপস্থাপন করা হলে নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রতি বাংলা নববর্ষের সর্বোচ্চ ১০ (দশ) দিন পূর্বে নববর্ষ ভাতা প্রদানের অনুমোদন করা হয় :

- আগামী ১৪২৩ বঙ্গাব্দ হতে 'বাংলা নববর্ষ ভাতা' প্রবর্তিত হবে;
- জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত সকল কর্মচারী প্রতিবছর মার্চ মাসে আহরিত মূল বেতনের ২০% হারে 'বাংলা নববর্ষ ভাতা' প্রাপ্য হবেন;
- মাসিক নীট পেনশন গ্রহণকারীগণ এবং আজীবন পারিবারিক পেনশন ভোগীগণ তাঁদের মাসিক নীট পেনশনের ২০% হারে এ ভাতা প্রাপ্য হবেন; এবং
- ১০০% পেনশন সমর্পণকারীগণের ক্ষেত্রে এ ভাতা প্রযোজ্য হবে না।

০২। এছাড়াও প্রধান কার্যালয়ের পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ কর্তৃক জারীকৃত ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণকে প্রশাসনিক, আর্থিক ও ব্যবসায়িক ক্ষমতা অর্পণ সংক্রান্ত ১৭.০৪.২০১২ তারিখের পরিপত্র নং- পসজবি-০১/২০১২ এ বাংলা নববর্ষ ভাতা প্রদানের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার বিষয়ে পরিচালনা বোর্ড কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত অনুমোদিত হয় :


- 'বাংলা নববর্ষ ভাতা' অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালকের উপর ন্যস্ত করা হলো। প্রধান কার্যালয়ের জন্য কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগের দায়িত্বে নিয়োজিত উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়ের জন্য আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখার জন্য শাখা ব্যবস্থাপককে নববর্ষ ভাতা প্রদানের আর্থিক ক্ষমতা প্রদান করা হলো;
- 'বাংলা নববর্ষ ভাতা' নামে কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগকে একটি পৃথক খরচের উপখাত খোলার অনুমোদন দেয়া হলো।

০৩। প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ হতে 'বাংলা নববর্ষ ভাতা' হিসাবের খরচের উপ-খাত সম্বলিত নির্দেশনা জারী করার পর সংশ্লিষ্ট সকলের যথারীতি ১৫.১২.২০১৫ তারিখের বার্ষিক বেতন বৃদ্ধির বকেয়া প্রদানপূর্বক 'বাংলা নববর্ষ ভাতা' প্রদানের জন্য সংশ্লিষ্ট বেতন প্রদানকারী কর্মকর্তাদেরকে নির্দেশ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী।


আপনার বিশ্বস্ত,


(ম হ ম আলীম) ০৪/০৪/১৬
উপ-মহাব্যবস্থাপক

তারিখ : -এ-

সূত্র নং-কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-১১(২)/২০১৫-২০১৬/৪০২২(২৪২)(০৮)
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। স্টাফ অফিসার, চেয়ারম্যান এর দপ্তর, কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক এর সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক এর দপ্তর, প্রশাসন/পরিচালন/হিসাব ও নিরীক্ষা মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৫। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে নব প্রবর্তিত 'বাংলা নববর্ষ ভাতা' নামে খরচের ০১ (এক)টি উপখাত খুলে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো;
- ৬। সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), সাধারণ সেবা, প্রকৌশল ও কম্পিউটার বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে এ পরিপত্রটি ব্যাংকের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো;
- ৭। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৮। অফিস নথি/মহানথি।


(গৌতম সাহা) ০৪/০৪/২০১৬
সহকারী মহাব্যবস্থাপক